



আফগানিস্তান-পাকিস্তান সীমান্তে পাল্টাপাল্টি হামলা



সংগৃহীত ছবি

ডুরান্ড লাইন ঘিরে আফগানিস্তান-পাকিস্তান সীমান্তে বড় ধরনের সংঘর্ষ ছড়িয়ে পড়েছে। একাধিক সীমান্ত প্রদেশে হামলা ও পাল্টা হামলার খবর মিলেছে, দুই পক্ষই হতাহতের ভিন্ন ভিন্ন তথ্য দিচ্ছে।

আফগান তালেবান যোদ্ধারা খোশত, পাকতিয়া, নুরিস্তান ও কুনার সীমান্তে পাকিস্তানের অন্তত ১৮টি সামরিক চৌকি দখলের দাবি করেছে। তাদের ভাষ্য, এসব সংঘাতে পাকিস্তানের ৫৫ সেনা নিহত হয়েছে এবং ভারী অস্ত্র জন্ম করা হয়েছে। তবে ইসলামাবাদ দুই সেনার মৃত্যুর কথা স্বীকার করলেও বড় ধরনের ক্ষয়ক্ষতির দাবি নাকচ করেছে।

জবাবে পাকিস্তান কাবুল, কান্দাহার, নানগারহার ও পাকতিয়ার বিভিন্ন স্থানে বিমান হামলা চালায় বলে জানা গেছে। ইসলামাবাদের দাবি, এতে ১৩৩ তালেবান যোদ্ধা নিহত হয়েছে। অন্যদিকে কাবুল বলছে, হামলার সময় পাকিস্তানের একটি সামরিক উড়োজাহাজ ভূপাতিত করা হয়েছে।

এর আগে গত রোববার নানগারহার ও পাকতিকা প্রদেশে পাকিস্তানের অভিযানে ৮০ জনের বেশি সশস্ত্র সদস্য নিহত হয়েছে বলে দাবি করেছিল ইসলামাবাদ। সে সময় কাবুল ১৮ জন নিহত হওয়ার তথ্য নিশ্চিত করেছিল। সীমান্তজুড়ে টানটান পরিস্থিতি এখনো অব্যাহত রয়েছে।

সূত্র: বিবিসি, সিএনএন